রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ১৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২, ২০১৯

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২১৫—২২৫ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারিকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪৫৭—৪৮৩ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২৩—১৩৮ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৩০৫—২৩৩৬ | (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ চৈত্র ১৪২৫/২৮ মার্চ ২০১৯

**নং ১৭.০০.০০০০.০১৬.১৯.০০৮.১৯-২৩২**—যেহেতু, আপনি জনাব মোঃ শফিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ), কিশোরগঞ্জ (প্রত্যাহারের আদেশপ্রাপ্ত) ২৪ মার্চ ২০১৯ তারিখে কটিয়াদী উপজেলা পরিষদ নির্বাচনে আইন শৃঙ্খলা রক্ষার দায়িত্বে ছিলেন;

যেহেতু, উল্লিখিত উপজেলা পরিষদ নির্বাচনে ২৩ মার্চ ২০১৯ তারিখ রাত ১২.৩০ টা হতে ৪.৩০ টা পর্যন্ত বিভিন্ন ভোটকেন্দ্রে ব্যালট পেপারে জোরপূর্বক সীলমারা হয় বলে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার নির্বাচন কমিশনকে অবহিত করেছেন;

যেহেতু, উল্লিখিত বেআইনি কার্যক্রমের বিষয় আপনি জনাব মোঃ শফিকুল ইসলাম অবহিত থাকা সত্ত্বেও দায়িত্ব যথাযথভাবে পালন না করে নির্বাচন কমিশনের আদেশ পালনে ইচ্ছাকৃতভাবে ব্যর্থ হয়েছেন এবং কোনো প্রতিকারমূলক পদক্ষেপ গ্রহণ করেন নাই। যে কারণে আপনি জনাব মোঃ শফিকুল ইসলাম অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ), কিশোরগঞ্জ (প্রত্যাহারের আদেশপ্রাপ্ত) অসদাচরণ করেছেন বলে গণ্য হয়েছেন;

যেহেতু, উল্লিখিত অসদাচরণ চাকরি বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হয়েছে এবং তজ্জন্য আপনার চাকরি বিধি অনুযায়ী আপনার বিরুদ্ধে শৃঙ্খলামূলক কার্যধারা গ্রহণ করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন;

সেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ), কিশোরগঞ্জ (প্রত্যাহারের আদেশপ্রাপ্ত)-কে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ধারা ৫ এর উপধারা (৩) অনুযায়ী চাকরি হতে ০২ মাসের জন্য সাময়িকভাবে বরখাস্ত করা

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

হলো। যা আপনার নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হয়েছে বলে গণ্য হবে।

০২। প্রচলিত নিয়ম মোতাবেক আপনি সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতা পাবেন। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামাল উদ্দিন বিশ্বাস**
যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ)।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ চৈত্র ১৪২৫/২৮ মার্চ ২০১৯

**নং ১৭.০০.০০০০.০১৬.১৯.০০৮.১৯-২৩৪**—যেহেতু, আপনি জনাব মোহাম্মদ শামসুদ্দিন, অফিসার ইনচার্জ, কটিয়াদী থানা (প্রত্যাহারের আদেশপ্রাপ্ত) ২৪ মার্চ ২০১৯ তারিখে কটিয়াদী উপজেলা পরিষদ নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্বে ছিলেন;

যেহেতু, উল্লিখিত উপজেলা পরিষদ নির্বাচনে ২৩ মার্চ ২০১৯ তারিখ রাত ১২.৩০ টা হতে ৪.৩০ টা পর্যন্ত বিভিন্ন ভোটকেন্দ্রে ব্যালট পেপারে জোরপূর্বক সীলমারা হয় বলে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার নির্বাচন কমিশনকে অবহিত করেছেন;

যেহেতু, উল্লিখিত বেআইনি কার্যক্রমের বিষয় আপনি জনাব মোহাম্মদ শামসুদ্দিন অবহিত থাকা সত্ত্বেও দায়িত্ব যথাযথভাবে পালন না করে নির্বাচন কমিশনের আদেশ পালনে ইচ্ছাকৃতভাবে ব্যর্থ হয়েছেন এবং কোনো প্রতিকারমূলক পদক্ষেপ গ্রহণ করেন নাই। যে কারণে আপনি জনাব মোহাম্মদ শামসুদ্দিন, অফিসার ইনচার্জ, কটিয়াদি থানা (প্রত্যাহারের আদেশপ্রাপ্ত) অসদাচরণ করেছেন বলে গণ্য হয়েছেন;

যেহেতু, উল্লিখিত অসদাচরণ চাকরি বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হয়েছে এবং তজ্জন্য আপনার চাকরি বিধি অনুযায়ী আপনার বিরুদ্ধে শৃঙ্খলামূলক কার্যধারা গ্রহণ করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন;

সেহেতু, জনাব মোহাম্মদ শামসুদ্দিন, অফিসার ইনচার্জ, কটিয়াদি থানা (প্রত্যাহারের আদেশপ্রাপ্ত), কিশোরগঞ্জকে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ধারা ৫ এর উপধারা (৩) অনুযায়ী চাকরি হতে ০২ মাসের জন্য সাময়িকভাবে বরখাস্ত করা হলো। যা আপনার নিয়োগকারী কর্তৃক কর্তৃপক্ষ প্রদত্ত হয়েছে বলে গণ্য হবে।

০২। প্রচলিত নিয়ম মোতাবেক আপনি সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতা পাবেন। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাবেদ উর রহমান**
উপসচিব (জ:ব্য:)।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ মার্চ ২০১৯

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৬.১৬৫**—বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৭ নং অর্ডার) এর ৯(৩)(সি) ও ১৪(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ড. জামালউদ্দিন আহমেদ, এফসিএ-কে বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে যোগদানের তারিখ থেকে ৩(তিন) বছরের জন্য পুনঃনিয়োগ দেয়া হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মহিন উদ্দিন**
সহকারী প্রধান।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[শুল্ক]**

**আদেশাবলি**

তারিখ : ১০ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/২৪ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৫২/২০১৯/শুল্ক/১৫৯**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বেনাপোল স্থলবন্দরস্থ মেসার্স এম্পোরিয়াম ডিউটি ফ্রি (বন্ড লাইসেন্স নং-০২, তাং-১৫-১০-১২) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরে নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১. | সিগারেট | ১,৮০,০০০.০০ |
| ০২. | মদ/লিকার ও অন্যান্য ড্রিংক্স | ৩,২০,০০০.০০ |
| ০৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ২০,০০০.০০ |
| ০৪. | খাদ্যসামগ্রী ও অন্যান্য | ২০,০০০.০০ |
| | সর্বমোট= | ৫,৪০,০০০.০০ |

তারিখ : ১১ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/২৫ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৫৬/২০১৯/শুল্ক/১৬৫**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম সমুদ্রবন্দরে অবস্থিত মেসার্স বেলাজিও লিঃ (লাইসেন্স নং- ৫(১৩)কাবক/চট্টঃ/বন্ড(শীপ স্টোরস) লাইঃ/১৮/২০১৮, তাং-০২-১২-২০১৮ খ্রিঃ)) নামীয় Ships Stores and Crew Bonded Warehouse (duty free shop) এর বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো :

| ক্র. নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০১. | Ships Stores Items | ১,০০,০০০.০০ |
| ০২. | Cigarettes & Tobacco | ২,০০,০০০.০০ |
| ০৩. | Alcoholic Beverage (Liquor, Beer, Wine) (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ১,০০,০০০.০০ |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ০৪. | Cosmetic and Toiletries | ১,০০,০০০.০০ |
| ০৫. | Beverage (Non-alcoholic), Confectionary, Electronics, Gift Item. | ১,০০,০০০.০০ |
| | সর্বমোট (ছয় লক্ষ মার্কিন ডলার) | ৬,০০,০০০.০০ |

০২। উল্লিখিত বার্ষিক আমদানি প্রাপ্যতা ২০১৮-১৯ অর্থ বছর এর জন্য কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুলতান মোঃ ইকবাল**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ চৈত্র ১৪২৫/০১ এপ্রিল ২০১৯

**নং ৩৩.০০.০০০০.১১৯.০৬.০০৫.১৫-১২৩**—যেহেতু, জনাব মোঃ শাহ আলম, সহকারী প্রকৌশলী (বর্তমানে অবসরপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস প্রজনন খামার স্থাপন প্রকল্প (৩য় পর্যায়)-এর নিম্নমানের নির্মাণ কাজ এবং ঠিকাদারের সাথে যোগসাজসে অনিয়ম ও দুর্নীতির কারণে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৩-১২-২০১৫ তারিখের ৩৩.০০.০০০০.১১৭.০৬.০০৫.১৫-১০৬৩ নং স্মারকে বিভাগীয় মামলা নং-১০/২০১৫ রুজুপূর্বক অভিযোগনামা জারি করা হয়;

যেহেতু, তিনি ০৫-০১-২০১৬ তারিখে কারণ দর্শানো লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের জন্য প্রার্থনা করেন;

যেহেতু, তার প্রার্থনার পরিপ্রেক্ষিতে গত ১১-০৫-২০১৬ তারিখের ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য, লিখিত জবাব এবং উপস্থাপিত অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের উপসচিব (মৎস্য-১) হাফছা বেগমকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ জনাব মোঃ শাহ আলম-এর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, বিভাগীয় মামলা প্রক্রিয়াকালীন গত ০৫-০৪-২০১৭ তারিখ হতে তিনি সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করেন; এবং ইতোমধ্যে তার অবসর-উত্তর ছুটিও শেষ হয়ে গিয়েছে;

যেহেতু, অবসরপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা চলমান রাখার কোনো সুযোগ/অবকাশ থাকে না;

সেহেতু, জনাব মোঃ শাহ আলম, সহকারী প্রকৌশলী (বর্তমানে অবসরপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক আনীত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগের দায় থেকে তাকে drop করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রইছউল আলম মন্ডল**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/১৮ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং শিম/শাঃ১৯/২০-০১/২০১১-৬৩**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ১০(১) অনুযায়ী বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান জনাব মোঃ আবুল কাশেমকে পরবর্তী ০৪ (চার) বছরের জন্য নিম্নোক্ত শর্তে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়-এর ভাইস চ্যান্সেলর পদে নিয়োগ করেছেন :

১. ভাইস চ্যান্সেলর পদে তাঁর এ নিয়োগের মেয়াদ ০৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময় শেষ হওয়ার পূর্বেই এ নিয়োগাদেশ বাতিল করতে পারবেন;

২. ভাইস চ্যান্সেলর হিসেবে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতা এবং অন্যান্য সুবিধাদি পাবেন;

৩. তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সার্বক্ষণিক অবস্থান করবেন;

৪. এ নিয়োগাদেশ অবিলম্বে কার্যকর হবে।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ আলী রেজা**
যুগ্মসচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**বেসরকারি খাত ও বিওবয় অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ মার্চ ২০১৯

**নং ৩৬.০০.০০০০.০৬৮.১৬.০০৩.১৯-৪২**—বাংলাদেশ বয়লার পরিচারক বিধিমালা, ১৯৫৩ এর ধারা ১১ ও ১২ বাস্তবায়নের নিমিত্ত

নিম্নবর্ণিত কারিগরি বিশেষজ্ঞদের সমন্বয়ে 'বয়লার পরিচারক পরীক্ষক পর্ষদ' পুনর্গঠন করা হলো:

**সভাপতি (পদাধিকারবলে)**

(১) প্রধান বয়লার পরিদর্শক।

**সদস্যবৃন্দ**

(২) ড. এ. কে এম. মঞ্জুর মোর্শেদ, সহকারী অধ্যাপক, যন্ত্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৩) জনাব আরিফ মোহাম্মদ খান, উপ-প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), এমটিএস বিভাগ, বিসিআইসি প্রধান কার্যালয়, ঢাকা।

(৪) জনাব আবুল খায়ের আব্দুল ওয়াহাব, উপ-মহাব্যবস্থাপক (যন্ত্রকৌশল), বিএসএফআইসি, সদর দপ্তর, ঢাকা।

**সদস্য-সচিব**

(৫) জনাব মোঃ হুমায়ূন কবীর, বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, ঢাকা।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মজিবুর রহমান**
**উপসচিব** (বেখা ও বিওবয়)।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**
**তথ্য মন্ত্রণালয়**
**চলচ্চিত্র-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ ফাল্গুন ১৪২৫/২৬ ফেব্রুয়ারি ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২৭.০৬.০০১.১৯-৮৯**—এ মন্ত্রণালয়ের ১৯ অক্টোবর ২০১৫ তারিখের তম/চলচ্চিত্র-৪/২০০৯/৬৫৮ সংখ্যক প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ সেন্সরশিপ অব ফিল্মস্ রূলস্ ১৯৭৭ এর ১৯ নম্বর বিধির ২ নম্বর উপ-বিধিতে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্তভাবে ফিল্ম সেন্সর আপিল কমিটি পুনর্গঠন করলেন :

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | সভাপতি |
| (২) | মিজ সুবর্ণা মুস্তফা, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন। | সদস্য |
| (৩) | সচিব, তথ্য মন্ত্রণালয় ও চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড। | আহ্বায়ক |
| (৪) | জনাব সালাউদ্দিন বাদল, সহ-সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোট, ৭ উত্তর মৈশুন্ডী, ওয়ারি, ঢাকা। | সদস্য |
| (৫) | মিজ লাকী ইনাম, বিশিষ্ট অভিনয় শিল্পী, ফ্ল্যাট কে/৭, বেইলী রিজ, ১, নিউ বেইলী রোড, ঢাকা। | সদস্য |
| (৬) | জনাব শ্যামল দত্ত, সম্পাদক, দৈনিক ভোরের কাগজ, কর্ণফুলী পয়েন্ট, মালিবাগ, ঢাকা। | সদস্য |
| (৭) | ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড। | সদস্য-সচিব |

০২। এ আপিল কমিটির মেয়াদ প্রজ্ঞাপনের তারিখ হতে আগামী ২ (দুই) বছর বলবৎ থাকবে। কমিটি বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সিদ্ধান্তে সংশ্লিষ্ট সংক্ষুব্ধ ব্যক্তি/প্রতিষ্ঠানের আপিল আবেদনের বিষয়ে যথানিয়মে সিদ্ধান্ত প্রদান করবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
**উপসচিব**।

---

**[একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত]**
**টিভি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ চৈত্র ১৪২৫/২০ মার্চ ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-১২০**—বাংলাদেশ টেলিভিশনে প্রচারের লক্ষ্যে বেসরকারি উদ্যোগে নির্মিত/জমাকৃত চলচ্চিত্র প্রিভিউ করার জন্য নিম্নরূপভাবে "বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র প্রিভিউ কমিটি" গঠন করা হলো :

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

(৩) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব বা তদূর্ধ্ব)।

(৪) উপসচিব (টিভি), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৫) মিজ সুজাতা আজিম, চলচ্চিত্র অভিনেত্রী, ঢাকা।

(৬) সৈয়দ গাউসুল আজম শাওন, অভিনেতা, ঢাকা।

(৭) জনাব শাহ আলম সিকদার জয়, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা।

(৮) শেখ মুন্নি আক্তার, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা।

(৯) শেখ আওলাদ হোসেন বুলবুল, সাংস্কৃতিক কর্মী, ঢাকা।

(১০) মিজ তারিন জাহান, অভিনয় শিল্পী, ঢাকা।

**সদস্য-সচিব**

(১১) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

০২। **কমিটির কার্যপরিধি ও শর্তাবলি নিম্নরূপ :—**

(১) এ কমিটি বিটিভিতে প্রদর্শনের নিমিত্তে চলচ্চিত্র যাচাই-বাছাই করে প্রচার উপযোগিতা সম্পর্কে সুপারিশ প্রদান করবে;

(২) কমিটির কমপক্ষে ০৬ (ছয়) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে;

(৩) প্রতি সপ্তাহে দুই থেকে তিন দিন (প্রয়োজন অনুযায়ী) টিভি ভবনের প্রিভিউ কক্ষে সভা/প্রিভিউ অনুষ্ঠিত হবে;

(৪) বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র প্রিভিউ কমিটির কোনো সম্মানিত সদস্য বেসরকারি উদ্যোগে বিটিভির জন্য কোনো অনুষ্ঠান নির্মাণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত থাকতে পারবেন না।

(৫) কোনো সদস্যের পদ শূন্য হলে সভাপতি নতুন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব দিবেন।

(৬) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয় এর অনুপস্থিতিতে মহাপরিচালক, বিটিভি সভাপতিত্ব করবেন।

০৩। এ সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের ১১-০৬-২০১২ তারিখের-তম/টিভি-২/৩পি-২/২০১০/৪০২ নম্বর প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রাজ্জাক**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৬ চৈত্র ১৪২৫/২০ মার্চ ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-১২০**—বাংলাদেশ টেলিভিশনে প্রচারের লক্ষ্যে বেসরকারি উদ্যোগে নির্মিত/জমাকৃত চলচ্চিত্র প্রিভিউ করার জন্য নিম্নরূপভাবে "বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র প্রিভিউ কমিটি" গঠন করা হলো :

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

(৩) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব বা তদূর্ধ্ব)।

(৪) উপসচিব (টিভি), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৫) মিজ সুজাতা আজিম, চলচ্চিত্র অভিনেত্রী, ঢাকা।

(৬) সৈয়দ গাউসুল আজম শাওন, অভিনেতা, ঢাকা।

(৭) জনাব শাহ আলম সিকদার জয়, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা।

(৮) শেখ মুন্নি আক্তার, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা।

(৯) শেখ আওলাদ হোসেন বুলবুল, সাংস্কৃতিক কর্মী, ঢাকা।

(১০) মিজ তারিন জাহান, অভিনয় শিল্পী, ঢাকা।

**সদস্য-সচিব**

(১১) পরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

০২। **কমিটির কার্যপরিধি ও শর্তাবলি নিম্নরূপ :—**

(১) এ কমিটি বিটিভিতে প্রদর্শনের নিমিত্তে চলচ্চিত্র যাচাই-বাছাই করে প্রচার উপযোগিতা সম্পর্কে সুপারিশ প্রদান করবে;

(২) কমিটির কমপক্ষে ০৬ (ছয়) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে;

(৩) প্রতি সপ্তাহে দুই থেকে তিন দিন (প্রয়োজন অনুযায়ী) টিভি ভবনের প্রিভিউ কক্ষে সভা/প্রিভিউ অনুষ্ঠিত হবে;

(৪) বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র প্রিভিউ কমিটির কোনো সম্মানিত সদস্য বেসরকারি উদ্যোগে বিটিভির জন্য কোনো অনুষ্ঠান নির্মাণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত থাকতে পারবেন না।

(৫) কোনো সদস্যের পদ শূন্য হলে সভাপতি নতুন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব দিবেন।

(৬) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয় এর অনুপস্থিতিতে মহাপরিচালক, বিটিভি সভাপতিত্ব করবেন।

০৩। এ সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের ১১-০৬-২০১২ তারিখের-তম/টিভি-২/৩পি-২/২০১০/৪০২ নম্বর প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-১২১**—বাংলাদেশ টেলিভিশনে প্রচারের লক্ষ্যে বেসরকারি উদ্যোগে নির্মিত বিভিন্ন প্যাকেজ অনুষ্ঠান প্রিভিউ করার জন্য নিম্নরূপভাবে "বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটি" গঠন করা হলো :

**সভাপতি**

(১) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

(৩) উপসচিব (টিভি-১), তথ্য মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৪) জনাব সাদিকুর রহমান চৌধুরী পরাগ, মিডিয়া ব্যক্তিত্ব, ঢাকা।

(৫) জনাব অরুন সরকার রানা, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা।

(৬) মীর জাহিদ হাসান, অভিনেতা, ঢাকা।

(৭) মিজ রোকেয়া প্রাচী, নাট্যশিল্পী, ঢাকা।

(৮) মিজ তানভীন সুইটি, নাট্যশিল্পী, ঢাকা।

(৯) জনাব শাকিল খান, চলচ্চিত্র অভিনেতা, ঢাকা।

(১০) মিজ জেনিফার ফেরদৌস, উপস্থাপিকা ও নাট্যশিল্পী, ঢাকা।

**সদস্য-সচিব**

(১১) পরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

০২। **কমিটির কার্যপরিধি ও শর্তাবলি নিম্নরূপ :—**

(১) এ কমিটি বহিরাগত নির্মাতাদের অনুষ্ঠান যাচাই-বাছাই করে অনুষ্ঠানের প্রচার উপযোগিতা সম্পর্কে সুপারিশ প্রদান করবে;

(২) মহাপরিচালক এবং উপমহাপরিচালক (অনুষ্ঠান) এর অনুপস্থিতিতে মহাপরিচালক কর্তৃক নির্বাচিত একজন সদস্য উক্ত সভায় সভাপতিত্ব করবেন;

(৩) কমিটির কমপক্ষে ০৬ (ছয়) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে;

(৪) প্রতি সপ্তাহে তিন থেকে চার দিন (প্রয়োজন অনুযায়ী) টিভি ভবনের প্রিভিউ কক্ষে সভা/প্রিভিউ অনুষ্ঠিত হবে;

(৫) বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটির কোনো সম্মানিত সদস্য বেসরকারি উদ্যোগে বিটিভির জন্য কোনো অনুষ্ঠান নির্মাণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত থাকতে পারবেন না। এছাড়া বিটিভির নিজস্ব কোনো অনুষ্ঠানে অংশগ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটির সভাপতির অনুমোদন গ্রহণ করতে হবে;

(৬) কোনো সদস্য পদ শূন্য হলে মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন নতুন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব দিবেন।

০৩। এ সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের ১৭-০১-২০১২ তারিখের-তম/টিভি-২/৩পি-১/২০০৮/৪৪ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রাজ্জাক**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৭ চৈত্র ১৪২৫/২১ মার্চ ২০১৯

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.১৯-২২৯**—ঢাকা জেলার মিরপুর মডেল থানার মামলা নং-৪৮(০৭)১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন করার উদ্দেশ্যে জনগণের মধ্যে আতংক সৃষ্টি, সহায়তা, নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠনের সমর্থনসহ লিফলেট বিতরণের মাধ্যমে সমর্থন চাওয়ার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন/২০০৯ এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.১৯-২৩৪**—ঢাকা জেলার শাহবাগ থানার মামলা নং-৩৬(০৯)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত লিফলেট, মোবাইল ফোন ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ সংগঠনের লিফলেট বিতরণ ও মিছিল বের করে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করাসহ সন্ত্রাসী কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন/২০০৯ এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.১৯-২৩৫**—ঢাকা জেলার নিউ মার্কেট থানার মামলা নং-০৬(০৬)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত মোবাইল ফোন, বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলকভাবে ধ্বংসাত্মক কার্যকলাপ করার পরিকল্পনায় লিপ্ত থাকার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন/২০০৯ এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০১৮-২৪০**—চট্টগ্রাম জেলার ভূজপুর থানার মামলা নং-১৩, তারিখ : ১৮-০৮-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাসী কার্যক্রম করে প্রজাতন্ত্রের সম্পত্তি ক্ষতি সাধনের চেষ্টা, ষড়যন্ত্র, সাহায্য, সহায়তা ও প্ররোচিত করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০১৮-২৪১**—চট্টগ্রাম জেলার সীতাকুন্ড মডেল থানার মামলা নং-০৭, তারিখ : ০৮-০১-২০১৪ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে রাস্তায় গাড়ী চলাচলে বাধা প্রদান এবং দাহ্য পদার্থ দিয়ে গাড়ীতে অগ্নিসংযোগ ও রাষ্ট্রীয় সম্পত্তির ক্ষতি সাধন করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০১৮-২৪২**—চট্টগ্রাম জেলার সীতাকুন্ড মডেল থানার মামলা নং-০৪, তারিখ : ০৬-০১-২০১৪ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জনসাধারনের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে রাস্তায় গাড়ী চলাচলে বাধা প্রদান এবং দাহ্য পদার্থ দিয়ে গাড়ীতে অগ্নিসংযোগ ও রাষ্ট্রীয় সম্পত্তির ক্ষতি সাধন করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলরুবা খাতুন**
সহকারী সচিব।

## জাতীয় রাজস্ব বোর্ড
## [শুল্ক]

### বিশেষ আদেশ

তারিখ : ০৬ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/২০ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৪৯/২০১৯/শুল্ক/১৪৮**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বন্ডেড ওয়্যার হাউস প্রতিষ্ঠান মেসার্স সী ওয়েজ বন্ডেড হাউস লিঃ এর বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপভাবে নির্ধারণ করিল, যথা :

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ১। | মেসার্স সী ওয়েজ বন্ডেড হাউস লিঃ | মার্কিন ডলার ৭,০০,০০০.০০ (সাত লক্ষ) |

২। উল্লিখিত বার্ষিক আমদানি প্রাপ্যতা ২০১৮-১৯ অর্থ বছর হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুলতান মোঃ ইকবাল**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## উন্নয়ন-৮ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৩ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ২৫.০০.০০০০.০২১.৩১.০০৩.১৮-৩৭৩/৯(১৩)**—ঢাকাস্থ খিলগাঁও/রাজারবাগ/বাসাবো ওহাব কলোনী পুনর্বাসন এলাকার ভূমি হুকুম দখলের কারণে ক্ষতিগ্রস্তদের মদ্যে পুনর্বাসন এলাকার প্লট বরাদ্দের বিষয়ে পূর্বে গঠিত এ মন্ত্রণালয়ের ১১ মে, ২০১৪ তারিখের ২৫.০০.০০০০. ০২১.০২.০৪৭.০১-৬৭৬ সংখ্যক স্মারকে কমিটির মেয়াদ শেষ হওয়ায় এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সদয় অনুমোদনক্রমে নিম্নোক্তভাবে উক্ত কমিটি গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১। | জনাব সাবের হোসেন চৌধুরী<br>মাননীয় সংসদ সদস্য, ঢাকা-৯ | চেয়ারম্যান |
| ২। | উপসচিব/সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন শাখা-৮<br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ৩। | উপসচিব, উন্নয়ন-১৫ অধিশাখা<br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ৪। | অতিরিক্ত জেলা প্রশাসক (এল,এ)<br>জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। | সদস্য |
| ৫। | স্থাপত্য অধিদপ্তরের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ৬। | নির্বাহী প্রকৌশলী<br>ঢাকা গণপূর্ত বিভাগ-১ ও ৪ | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি নির্ধারণ করা হয় যা নিম্নরূপঃ**

(ক) খিলগাঁও, রাজারবাগ, বাসাবো ওহাব কলোনী পুনর্বাসন এলাকার ক্ষতিগ্রস্তদের মধ্যে পুনর্বাসন প্লট বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত করা ;

(খ) ভূমি বরাদ্দের বিষয়ে পূর্বতন কমিটিসমূহ কর্তৃক বিধি বহির্ভূত/অনিয়মিতভাবে কোনো প্লট বরাদ্দ করা হয়ে থাকলে তা বাতিল করার জন্য বর্তমান কমিটি মন্ত্রণালয়ের নিকট প্রস্তাব/সুপারিশ করা ;

(গ) ভূমি বরাদ্দের সাথে সম্পৃক্ত অন্য যে কোন বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য কমিটি মন্ত্রণালয়ের নিকট প্রস্তাব/সুপারিশ পেশ করা ;

(ঘ) বরাদ্দের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে কমিটির চেয়ারম্যান প্রয়োজনবোধে যাচাই/বাছাই কমিটি গঠন করতে পারবেন এবং

(ঙ) কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ব্যক্তি/কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবে।

২। উপর্যুক্ত কর্মপরিধির আওতায় এ বিষয়ে ২৯ জুন, ২০০৯ তারিখের গৃগম/শাখা-৮/বিবিধ-৪৭/২০০১/৫৮৩ নং স্মারকে জারীকৃত নীতিমালা কিংবা এতদসংক্রান্ত পরবর্তীতে প্রজ্ঞাপন জারি করা হলে উক্ত নীতিমালা এবং প্রচলিত আইন বিধিমালা অনুসরণপূর্বক কমিটি ক্ষতিগ্রস্তদের মাঝে ভূমি/প্লট বরাদ্দের বিষয়ে সুপারিশ পেশ করবে। উক্ত সুপারিশ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পর যথানিয়মে বরাদ্দ পত্র জারি করা হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ১৫ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.৪৯.৩৬.০১৫.১৫.৯৬/১(৫)**—১৮৭৫ সনের জরিপ আইন (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ১নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হইল :

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১. | চর শ্রীরামপুর | ২০ | পবা | রাজশাহী |
| ২. | কুলচরালক্ষ্মীপুর | ১৪৩ | লালপুর | নাটোর |
| ৩. | নুরুল্ল্যাপুর | ১৪৪ | লালপুর | নাটোর |
| ৪. | বড়পালিদেহা | ১৪৬ | লালপুর | নাটোর |
| ৫. | নওসারা সুলতানপুর | ৪৮ | লালপুর | নাটোর |
| ৬. | দিয়ার সংকরপুর | ৫৫ | লালপুর | নাটোর |

নং **৩১.০০.০০০০.৪৯.৩৬.০০৮.১৫ (অংশ-১).৯৭/১(৫)**—১৮৭৫ সনের জরিপ আইন (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ১নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হইল:

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১. | চর বয়রা মাসুম | ১১০ | বেলকুচি | সিরাজগঞ্জ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ চৈত্র ১৪২৫/২৫ মার্চ ২০১৯

**নং ৪০.০০.০০০০.০১১.৯৯.০১০.১৭.৩১১/১**—পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৮(১) অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সকল ধরনের সম্পদ/সেবা সংগ্রহ/ক্রয় এর নিমিত্ত 'দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি' নির্দেশক্রমে নিম্নরূপভাবে গঠন করা হল :

| | | |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সভাপতি |
| ২ | যুগ্মসচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি) | সদস্য |
| ৩ | যুগ্মসচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় (ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি) | সদস্য |
| ৪ | গণপূর্ত অধিদপ্তর/বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল/সরকারি যানবাহন অধিদপ্তর এর উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৫ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশাসন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপ :**

(ক) সংশ্লিষ্ট বিধি-বিধানের আলোকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সকল ধরনের সম্পদ/সেবা সংগ্রহ/ ক্রয়ের বিষয়ে কার্যক্রম গ্রহণ করবে।

(খ) এ কমিটি অকেজো/ব্যবহার অনুপযোগী আসবাবপত্র/ অফিস সরঞ্জাম/কম্পিউটার সামগ্রী ইত্যাদি অকেজো ঘোষণাসহ নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

৩। এতদ্‌সংক্রান্ত পূর্বের কমিটি বাতিল বলে গণ্য হবে এবং জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহীন আখতার**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ চৈত্র ১৪২৫/৩১ মার্চ ২০১৯

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩১.১৮-৪৫**—যেহেতু, জনাব কামরুল হাসান (বিপি নং-৬৪৯৪০০৬১৪১), সাবেক নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিলেট মেট্রোপলিটন পুলিশ (এসএমপি), সিলেট শারীরিক অসুস্থতার কারণে যুক্তরাষ্ট্রে চিকিৎসা গ্রহণের নিমিত্ত গত ১৮-১০-২০১২ তারিখ ৪২ (বিয়াল্লিশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। ছুটি ভোগ শেষে গত ৩০-১১-২০১২ তারিখ কর্মস্থলে যোগদানের নির্দেশ থাকা সত্ত্বেও দীর্ঘ সময় তার স্বদেশ প্রত্যাবর্তনের কোনো তথ্য না থাকায় গত ১৫-০১-২০১৪ তারিখ তাকে কারণ দর্শানো হয়। তিনি উক্ত কারণ দর্শানোর কোনো জবাব দাখিল না করায় পুলিশ অধিদপ্তরের স্মারক নম্বর ৯০৭, তারিখ-১৩-০৮-২০১৪ মূলে "ডিজারশন" এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ৩৯/২০১৪ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয় ;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার নিকট হতে কোনো লিখিত জবাব না পাওয়ায় এবং দীর্ঘ সময় তিনি কর্মস্থলে যোগদান না করায় গত ২৫-১০-২০১৫ তারিখ জনাব সুজ্ঞান চাকমা, অতিরিক্ত পুলিশ সুপার, সিলেট-কে বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগগুলো সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে দাখিলকৃত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগ পুলিশ বাহিনীর শৃঙ্খলা পরিপন্থি এবং গুরুতর প্রকৃতির হওয়ায় পুলিশ অধিদপ্তরের স্মারক নম্বর ১০১০ তারিখ-২৯-০৮-২০১৭ মূলে এডিশনাল ইন্সপেক্টর জেনারেল মোঃ মোখলেসুর রহমান, বিপিএম (বার), পুলিশ অধিদপ্তর, ঢাকা কর্তৃক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি নং-৪(৩)(ডি) মোতাবেক কেন তাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না তার কারণ দর্শিয়ে লিখিত জবাব প্রেরণের জন্য এবং তিনি ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হতে ইচ্ছুক কিনা তা জানাতে বলা হয় ;

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের পরে গত ১৫-১০-২০১৭ তারিখে শারীরিক অসুস্থতার কারণে বিশ্রামে আছেন জানিয়ে দেশে ফেরত না আসা পর্যন্ত চাকরি হতে তাকে বরখাস্ত না করার জন্য যুক্তরাষ্ট্র হতে ডাকযোগে লিখিত জবাব দাখিল করেন। প্রস্তাবিত সাজা পরিবর্তনের যুক্তিসঙ্গত কারণ না থাকায় অভিযুক্ত কর্মকর্তাকে গুরুদন্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয় ;

৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে গুরুদন্ড হিসেবে চাকরি হতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্তের সাথে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন একমত পোষণ করলে পুলিশ অধিদপ্তরের গত ১০-০৫-২০১৮ তারিখের আদেশে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক তাকে "চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হয়।

৫। যেহেতু, জনাব কামরুল হাসান প্রদত্ত দন্ডাদেশ বাতিল করে তার অতিবাসকালীন সময়কাল মেডিকেল গ্রাউন্ডে ছুটি মঞ্জুর করার জন্য আপিল আবেদন করেন। আপিল আবেদন পর্যালোচনায় দেখা যায়, দন্ড প্রাপ্ত কর্মকর্তা বিনানুমতিতে ৩০-১১-২০১২ তারিখ হতে

১৬-০১-২০১৮ তারিখ পর্যন্ত মোট ০৫ বছর ০১ মাস ১৭ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় বিএসআর পার্ট-১ এর ৩৪ বিধিমতে তার চাকরিতে থাকার আর কোনো সুযোগ নেই। কিন্তু দন্ড প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাকে "চাকরি হতে বরখাস্ত" করা হয়। আপিল আবেদনটি বিবেচনায় দেখা যায় শারীরিক অসুস্থতার কারণে চিকিৎসা গ্রহণের উদ্দেশ্যে তার অনুকূলে ৪২ (বিয়াল্লিশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি দেশের বাইরে দীর্ঘদিন চিকিৎসাধীন ছিলেন ;

৬। সেহেতু, উপর্যুক্ত বিষয়াদি ও মানবিক বিবেচনায় আপিল কর্তৃপক্ষ হিসেবে জনাব কামরুল হাসানকে প্রদত্ত "চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)" গুরুদন্ড হ্রাসপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(খ) বিধি মোতাবেক তাকে চাকরি হতে "বাধ্যতামূলক অবসর" গুরুদন্ড প্রদান করা হলো। তার অনুনোমোদিত অনুপস্থিতকালকে "বিনাবেতনে অসাধারণ ছুটি" হিসেবে গণ্য করা হলো।

৭। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোস্তাফা কামাল উদ্দীন**
সচিব।

---

## আইন-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৪ চৈত্র ১৪২৫/১৮ মার্চ ২০১৯

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১২.২০১৯-২১২**—ঢাকা জেলার রমনা থানার মামলা নং-১৬(০৮)১৮-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, ০৩ (তিন) জন আসামীর মধ্যে ০২ (দুই) জন আসামী হিযবুত তাহরীর সদস্য এবং অপরজন মোঃ মেহেদী হাসান হিযবুত তাহরীর সদস্য নয়। অভিযুক্ত ০২ জন আসামী সরকার বিরোধী লিফলেট বিতরণ ও উক্ত সংগঠনকে সমর্থন করার লক্ষ্যে সন্ত্রাসী কর্মকান্ডে প্ররোচিত করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলরুবা খাতুন**
সহকারী সচিব।

---

### [একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত]

### প্রজ্ঞাপন

তারিখ : ০৪ চৈত্র ১৪২৫/১৮ মার্চ ২০১৯

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১২.২০১৯-২১২**—ঢাকা জেলার রমনা থানার মামলা নং-১৬(০৮)১৮-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠনের সাথে জড়িত এবং উক্ত সংগঠনকে সমর্থন করার লক্ষ্যে সন্ত্রাসী কর্মকান্ডে প্ররোচিত করা অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলরুবা খাতুন**
সহকারী সচিব।

---

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৪ চৈত্র ১৪২৫/১৮ মার্চ ২০১৯

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১২.২০১৯-২১৩**—ঢাকা জেলার উত্তরা পশ্চিম থানার মামলা নং-২৩(০২)১৫-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাসী কর্মকান্ড পরিচালনার অর্থায়ন, নিষিদ্ধ সংগঠনের সদস্য ও সমর্থন এবং অপরাধ সংগঠনের প্রচেষ্টা, প্ররোচনা ও আশ্রয়দানের অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ : ০৭ চৈত্র ১৪২৫/২১ মার্চ ২০১৯

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.১৯-২৩০**—সিরাজগঞ্জ জেলার কামারখন্দ থানার মামলা নং-১৫, তারিখ : ২৪-০৪-২০১৮ এ ঘটনাস্থল হতে বিভিন্ন প্রকার জিহাদী বই, লিফলেট, মোবাইল ফোন ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গি সংগঠনকে সমর্থন, সদস্য ও অর্থ সংগ্রহের অপরাধ এবং সন্ত্রাসী কর্মকান্ডে প্ররোচিত করে এমন লিফলেট ও জিহাদী বই বিতরণ করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.১৯-২৩১**—ঢাকা জেলার খিলগাঁও মডেল থানার মামলা নং-৫৬(০৯)১৭ এ ল্যাপটপ, ডিভিডি, বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গি সংগঠনের বিভিন্ন কর্মকান্ডে উদ্বুদ্ধকরণসহ প্রজাতন্ত্রের তথা দেশের ক্ষতি সাধনের ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.১৯-২৩৬**—ঢাকা জেলার তেজগাঁও শিল্পাঞ্চল থানার মামলা নং-৩৫(০৮)১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত মোবাইল ফোন, জিহাদী বই ও অন্যান্য মালামাল জব্দ তালিকামূলে জব্দ করে। জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী

তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলকভাবে ধ্বংসাত্মক কার্যকলাপের পরিকল্পনার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-২৩৭**—হবিগঞ্জ জেলার সদর মডেল থানার মামলা নং-২৩, তারিখ : ১১-১২-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বিভিন্ন জঙ্গি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ এবং জব্দকৃত আলামত নিজ হেফাজতে রেখে অন্যকে জঙ্গি কার্যক্রমে অংশগ্রহণের প্ররোচিত করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-২৩৮**—ঢাকা জেলার রমনা থানার মামলা নং-১৬(০৪)১৬-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা গণতান্ত্রিক সরকারকে উৎখাত করার লক্ষ্যে দেশে বড় ধরনের নাশকতা করার উদ্দেশ্যে ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-২৩৯**—কক্সবাজার জেলার সদর মডেল থানার মামলা নং-৭১, তারিখ : ৩১-১০-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা প্ররোচিত করার লক্ষ্যে ফেসবুক ব্যবহার করে অপরাধমূলক কার্যকলাপ করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০১৮-২৪৩**—চট্টগ্রাম জেলার সীতাকুন্ড মডেল থানার মামলা নং-০৩, তারিখ : ০৬-০১-২০১৪ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে দাহ্য পদার্থ দিয়ে গাড়ীতে অগ্নিসংযোগ ও রাষ্ট্রীয় সম্পত্তির ক্ষতিসাধন করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩৩.১৮-২৪৪**—মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ৩য় আদালত, চট্টগ্রাম এর সিআর মামলা নং-৯৩১/২০১৮ (পাঁচলাইশ)-এ উল্লিখিত অপরাধ দেশের বাহিরে সংঘটিত হয়েছে বিধায় ঘটনাটি তদন্তের জন্য ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৮৮ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.১৯-২৪৫**—নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ থানার মামলা নং-০৬, তারিখ : ০৩-০৬-২০১৭-এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে প্রসিকিউশন দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.১৯-২৪৬**—চট্টগ্রাম জেলার চকবাজার থানার মামলা নং-১৮/১৯, ধারা-১২৪-ক এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগে মামলা রুজু/তদন্তের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৬.১৯-২৪৭**—ঢাকা জেলার ধানমন্ডি মডেল থানার মামলা নং-২০, তারিখ : ২৩-০৮-২০১৮-এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগে মামলা রুজু/তদন্তের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**দিলরুবা খাতুন**
সহকারী সচিব।

---

**সুরক্ষা সেবা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/২৫ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৮৫.২৩.০১৮.২০১৮.২৪৯**—২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৯ উপলক্ষে লঘু অপরাধে দন্ডিত অর্ধেকের বেশি সাজাভোগকৃত কয়েদিদের মুক্তি প্রদানের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নবর্ণিত ০৮ (আট) জন কয়েদির অবশিষ্ট কারাদণ্ড মওকুফ করা হয়েছে :

| ক্রঃ নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম, বয়স ও মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | কয়েদি নং-৫৫৪৯/এ, মোঃ নাজমুল হাসান @ জুয়েল, পিতা-মৃত হাজী আক্তার হোসেন, বয়স-৫১ বছর, তেজগাঁও থানার মামলা নং- ১৪(৬)১০, জি.আর.মামলা নং-১৮৩/১০। | কেরাণীগঞ্জ কেন্দ্রীয় কারাগার, ঢাকা |
| ২। | কয়েদি নং-৩৪৩৫/এ, মোঃ জুয়েল শেখ, পিতা-হারেজ উদ্দিন, বয়স-৪৩ বছর, মধুখালী থানার সি. আর মামলা নং-৫৮/০৪। | ফরিদপুর জেলা কারাগার |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৩. | কয়েদি নং-৯৪৫১/এ, মহিউদ্দিন মোল্লা, পিতা-মৃত হাজী বজলুর রহমান, বয়স-৪৬ বছর, সি. জে. এম. মামলা নং- ২৬৩/১২, জি. আর মামলা নং-২৭/১২। | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার |
| ৪. | কয়েদি নং-০১/এ, মোঃ জাহাঙ্গীর আলম, পিতা-মোঃ সেকান্দর আলী, বয়স-২৩ বছর, চৌদ্দগ্রাম থানার সি. আর. মামলা নং-২৫৬/১৭। | |
| ৫. | কয়েদি নং-১০৮৭/এ, আরিফুল ইসলাম, পিতা- আব্দুল আলিম, বয়স-২৭ বছর, ব্রাহ্মণপাড়া থানার সি.আর. মামলা নং-৩৪/১৭। | |
| ৬. | কয়েদি নং-১৩৭৭/এ, মোঃ রাজিব @ রুবেল, পিতা-তছলিম উদ্দিন, বয়স-২৭ বছর, বড়াইগ্রাম থানার মামলা নং-৮, তাং-০৫.০৮.০৮, জি.আর. মামলা নং-১৭৬/০৮। | নাটোর জেলা কারাগার |
| ৭. | কয়েদি নং-২৪৫১/এ, মোঃ শরিফুল ইসলাম, পিতা- মোঃ আবুল কালাম, বয়স-২৬ বছর, গুরুদাসপুর থানার সি. আর. মামলা নং ৭০/১০(গুরু), আপীল নং-০৬/১২। | |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৮. | কয়েদি নং-৯৫০৭/এ, কাজী আবুল হোসেন, পিতা-মৃত কাজী আবদার আলী, বয়স-৫৪ বছর, খুলশী থানার সি. আর. মামলা নং-৪৬/২০১৭, টি.আর. মামলা নং-১৪৭/২০১৭। | চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার |

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। জরিমানার অর্থ আদায়পূর্বক মুক্তির বিষয়টি কার্যকর করতে হবে।

৪। অন্য কোনো কারণে উপরোক্ত কয়েদিদের আটক রাখার আবশ্যকতা না থাকলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলী**
সহকারী সচিব।